

দেশে দেশে ভ্রমি তব দুখ গান গাহিয়ে
 নগরে প্রান্তরে বনে বনে । অক্ষর ঝরে দু নয়নে,
 পাষণ হৃদয় কাঁদে সে কাহিনী শুনিয়ে ।
 জ্বলিয়া উঠে অযুত প্রাণ, এক সাথে মিলি এক গান গায়—
 নয়নে অনল ভায়— শূন্য কাঁপে অভভেদী বজ্রনির্ঘোষে !

ভয়ে সবে নীরবে চাহিয়ে ॥

ভাই বন্ধু তোমা বিনা আর মোর কেহ নাই ।

তুমি পিতা, তুমি মাতা, তুমি মোর সকলই ।

তোমারি দুঃখে কাঁদিব মাতা, তোমারি দুঃখে কাঁদাব ।

তোমারি তরে রেখেছি প্রাণ, তোমারি তরে ত্যজিব ।

সকল দুঃখ সহিব সুখে

তোমারি মুখ চাহিয়ে ॥

Parjaay: Swadesh, Taal: Ektaal (3-3), Raag: Bahar

Visit www.geetabitan.com for notation and other detail